



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY
তথ্য ও গণসংযোগ বিভাগ
গাজীপুর-১৭০৫, ফোন : ৯২৯১১১৯

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”



প্রেস বিজ্ঞপ্তি

তারিখ : ২০ মার্চ ২০২২

বাউবিতে “বঙ্গবন্ধুর জীবন ও কর্ম” শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে ২০ মার্চ রবিবার; বঙ্গবন্ধুর আদর্শে বিশ্বাসী শিক্ষক ফোরামের উদ্যোগে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকী উপলক্ষে “বঙ্গবন্ধুর জীবন ও কর্ম” শীর্ষক এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাউবি'র উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার। তিনি বলেন, নিজেকে একজন আদর্শিক ও সু-নাগরিক হিসেবে গড়ে তুলতে হলে অবশ্যই বঙ্গবন্ধুর কর্মময় জীবন সম্পর্কে জানতে হবে। তাঁর রাজনৈতিক জীবন ও ব্যক্তি জীবন উভয় থেকেই আমাদের শিক্ষা গ্রহণ করতে হবে। বাংলাদেশকে এগিয়ে নিতে হলে জাতির পিতার দেখানো পথে হাঁটার কোন বিকল্প নেই। এ জন্য তিনি আগামী প্রজন্মকে দীপ্ত প্রত্যয়ে এগিয়ে আসার আহ্বান জানান।



ক্যাপসন: বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে “বঙ্গবন্ধুর জীবন ও কর্ম” শীর্ষক আলোচনা সভায় বক্তব্য রাখছেন বাউবি'র উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. নাসিম বানু, প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন, ড্রেজারার অধ্যাপক মোস্তফা আজাদ কামাল। অনুষ্ঠানের শুরুতে বঙ্গবন্ধুর জীবন ও কর্ম নিয়ে প্রবন্ধ উপস্থাপন করেন ড. মো: শহীদুর রহমান, বঙ্গবন্ধুর দ্বিতীয় বিপ্লবের প্রাসঙ্গিকতা নিয়ে প্রবন্ধ তুলে ধরেন আ ন ম তোফায়েল হোসেন, শুদ্ধাচার ও বঙ্গবন্ধু শিরোনামে প্রবন্ধ উপস্থাপন করেন ড. ইকবাল হুসাইন। অনুষ্ঠানে বাউবি'র শতাধিক শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী উপস্থিত ছিলেন। অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন বঙ্গবন্ধুর আদর্শে বিশ্বাসী শিক্ষক ফোরামের সাধারণ সম্পাদক মেহেরীন মুনজারীন রত্না।

স্বাক্ষর

(ড. মেজবাহ উদ্দিন তুহিন)

পরিচালক (ভারপ্রাপ্ত)